বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩

জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ

www.mymensingh.gov.bd

জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
এর ২০২৩ সনের বার্ষিক প্রতিবেদন

সময়কাল: ০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩

জেলা প্রশাসন, ময়মনসিংহ।

সূচিপত্র

ক্রম	বিবরণ		পৃষ্ঠা নম্বর
১	**ময়মনসিংহ জেলা ও জেলা প্রশাসন সংক্রান্ত তথ্য :**		
১.১	ময়মনসিংহ জেলা স্থাপন সংক্রান্ত তথ্য		০১-০৩
১.২	জেলা প্রশাসনের যাত্রা সংক্রান্ত তথ্য		০৩-০৪
১.৩	জেলা প্রশাসকের সাধারণ কার্যাবলী		০৪-১৭
১.৪	ময়মনসিংহ জেলার কিছু দর্শনীয় স্থান		১৮-২৩
১.৫	জেলা প্রশাসকের কার্যালয়ের জনবল সংক্রান্ত তথ্য		২৪-২৭
২	**সংস্থাপন শাখার কার্যক্রম:**		
২.১	এপিএ চুক্তি সংক্রান্ত/ জাতীয় শুদ্ধাচার/৬০ ঘন্টা প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত তথ্য		২৭
২.২	সংস্থাপন বিষয়াদি সংক্রান্ত তথ্য		২৮-২৯
৩	সাধারণ শাখার কার্যক্রম:		
৩.১	পর্যটন উন্নয়ন/ বিকাশে গ্রহীত কার্যক্রম সংক্রান্ত তথ্য		৩০
৩.২	ভিক্ষকমুক্ত ময়মনসিংহ জেলা গঠনে গৃহীত কার্যক্রম:		৩০
৩.৩	যুব ও ক্রীড়া উন্নয়নে গৃহীত কর্যক্রম		৩০
৩.৪	মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলের আর্থিক অনুদান,		৩০
৩.৫ প্রত	প্রতিমন্ত্রী মহোদয়ের ঐচ্ছিক তহবিল হতে ময়মনসিংহ জেলাধীন ব্যক্তি/ প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত আর্থিক অনুদান প্রদান		৩০
৩.৬ চাচ	চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মকর্তা/ কর্মচারীর পরিবারকে কল্যাণ অনুদান বিতরণ:		৩০
৩.৭ বি	বিভিন্ন পদক/ পুরস্কারের মনোনয়ন প্রস্তাব প্রেরণ:		৩০-৩১
৩.৮	বীর মুক্তিযোদ্ধাদের নামে সড়ক ও স্থাপনার নামকরণ সংক্রান্ত তথ্য, আবাসন নির্মাণ সংক্রান্ত তথ্য		৩১-৩২
৩.৯	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা		৩২
৩.১০	বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/ পালন সংক্রান্ত		৩২
৪	**এস এ শাখার কার্যক্রম :**		৩৩-৩৫
৫	**স্থানীয় সরকার শাখার কার্যক্রম:**		৩৬-৪৩
৬	ট্রেজারি শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা, ভিপি শাখার কার্যক্রম		৪৪
৭	ভূমি অধিগ্রহণ শাখা,		৪৪-৪৫

৮	সেটেলমেন্ট রেকর্ড রুম, ফৌজদারী নকলখানা, লাইসেন্স প্রমোদ শাখা		৪৬
৯	লাইব্রেরী, তথ্য অভিযোগ শাখা		৪৬
১০	আর এম শাখার কার্যক্রম		৪৭-৪৮
১১	বিচার শাখার কার্যক্রম :		৪৯-৫৫
১২	শিক্ষা শাখার কার্যক্রম :		৫৬-৫৭
১৩	আইসিটি শাখার কার্যক্রম		৫৮-৬১
১৪	ত্রাণ শাখার কার্যক্রম, নেজারত শাখার কার্যক্রম		৬১
১৫	প্রবাসী কল্যাণ শাখার কার্যক্রম :		৬২
১৬	মানবসম্পদ ব্যবস্থাপনা শাখার কার্যক্রম :		৬৩

জেলা স্থাপন সংক্রান্ত

নামকরণ

মোগল আমলে মোমেনশাহ নামে একজন সাধক ছিলেন, তাঁর নামেই মধ্যযুগে অঞ্চলটির নাম হয় মোমেনশাহী। ষোড়শ শতাব্দীতে বাংলার স্বাধীন সুলতান সৈয়দ আলাউদ্দিন হোসেন শাহ তাঁর পুত্র সৈয়দ নাসির উদ্দিন নসরত শাহ'র জন্য এ অঞ্চলে একটি নতুন রাজ্য গঠন করেছিলেন, সেই থেকেই নসরতশাহী বা নাসিরাবাদ নামের সৃষ্টি। নাসিরাবাদ নাম পরিবর্তন হয়ে ময়মনসিংহ হয় একটি ভুলের কারণে। বিশ টিন কেরোসিন বুক করা হয়েছিল বর্জনলাল এন্ড কোম্পানীর পক্ষ থেকে নাসিরাবাদ রেল স্টেশনে। এই মাল চলে যায় রাজপুতনার নাসিরাবাদ রেল স্টেশনে। এ নিয়ে অনেক দুর্ভোগ পোহাতে হয়। পরবর্তীতে আরো কিছু বিভ্রান্তি ঘটায় রেলওয়ে স্টেশনের নাম পরিবর্তন করে ময়মনসিংহ রাখা হয়। সেই থেকে নাসিরাবাদের পরিবর্তে ময়মনসিংহ ব্যবহৃত হয়ে আসছে।

জেলা ঘোষণার তারিখ

১৭৮৭ খ্রিস্টাব্দের ১লা মে ময়মনসিংহ জেলা সৃষ্টি হয়। এই জেলার আকার সময় সময় পরিবর্তিত হয়েছে। ১৯৬৯ খ্রিস্টাব্দে ময়মনসিংহ জেলা থেকে টাঙ্গাইল মহকুমাকে এবং ১৯৭৮ খ্রিস্টাব্দে জামালপুর মহকুমাকে পৃথক করে জেলায় উন্নীত করা হয়। ১৯৮৪ খ্রিস্টাব্দে
ময়মনসিংহ জেলা থেকে শেরপুর, নেত্রকোনা ও কিশোরগঞ্জ মহকুমাকে পৃথক পৃথক জেলায় উন্নীত করা হয়।

অবস্থান

২৪°০২'৩১" থেকে ২৫°২৫'৫৬" উত্তর অক্ষাংশ এবং ৮৯°৩৯'০০" থেকে ৯১°১৫'৩৫" পূর্ব দ্রাঘিমাংশ- এ।
উত্তরে গারোপাহাড় ও ভারতের মেঘালয় রাজ্য, দক্ষিণে গাজীপুর জেলা, পূর্বে নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলা এবং
পশ্চিমে শেরপুর, জামালপুর ও টাঙ্গাইল জেলা অবস্থিত।

আয়তন ও গঠন

আয়তন ৪৩৬৩.৪৮ বর্গ কিলোমিটার। এটি ১৩টি উপজেলা, ১ টি সিটি করপোরেশন, ১৪টি থানা, ১০ টি পৌরসভা (০৮টি ক শ্রেণীর, ০১টি খ শ্রেণীর, ০১টি
গ শ্রেণীর),১৪৫টি ইউনিয়ন, ২২০১টি মৌজা, ২৭০৯টি গ্রাম নিয়ে গঠিত।
উপজেলাসমূহের নাম: ঈশ্বরগঞ্জ, গফরগাঁও, গৌরীপুর, ত্রিশাল, ধোবাউড়া, নান্দাইল, ফুলপুর,
তারাকান্দা,ফুলবাড়িয়া, ভালুকা, ময়মনসিংহ সদর, মুক্তাগাছা,
হালুয়াঘাট।

জনসংখ্যা

জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী
১। ময়মনিসংহ সিটি কর্পোরেশন জনসংখ্যা ৫,৭৬,৭২২
২। জনসংখ্যা- লিঙ্গভিত্তিক

মোট জনসংখ্যা ৫৮,৯৯,০৫২
পুরুষ ২৮,৯৭,৮৮০
নারী ২৯,৯৭,৯৩১
হিজড়া ৪৭১
লিঙ্গানুপাত ৯৬.৬৬%

৩। জনসংখ্যা- পল্লী ও শহরভিত্তিক
পল্লী-৪৫,৪৫,৬৪২
শহর- ১৩,৫০,৬৪০
৪। জনসংখ্যা- ধর্মভিত্তিক
মুসলমান- ৯৬.০১%
হিন্দু- ৩.৪২%
বৌদ্ধ- ০.০১%
খ্রিস্টান- ০.৫০%
অন্যান্য- ০.০৬%

৫। সাক্ষরতা

সাক্ষরতার হার- ৭০.৭৪%

পুরুষ- ৭২.১৪%

নারী- ৬৯.৪১%

হিজড়া- ৪৯.১২%

৬। জনসংখ্যার ঘনত্ব- প্রতি বর্গকিলোমিটারে ১,৩৪২ জন

৭। ক্ষুদ্র নৃগোষ্ঠী- ২৭,৬৫২

প্রাকৃতিক সম্পদ

নদ-নদীর সংখ্যা ২২টি, আয়তন ১১৪৪৫.২০ হেক্টর। নদীর নাম- ব্রহ্মপুত্র, সুতিয়া, ক্ষিরু, সাচালিয়া, পাগারিয়া, নাগেশ্বর, কাচাঁমাটিয়া, আয়মন, বানার, নরসুন্দা, বোরাঘাট, দর্শনা, রামখালী, বৈলারি, নিতাই, কংশ, ঘুঘুটিয়া, সাতারখালী, আকালিয়া, জলবুরুঙ্গা, চৌকা মরানদী, রাংসা নদী ইত্যাদি। বিল ও প্রধান প্লাবনভূমির সংখ্যা ১১৪০টি, আয়তন ৩০৭৬২.০০ হেক্টর। বনভূমি ৩৮৮৬০.৭৩ একর। বালু মহল ১৫টি, আয়তন ৮৭৪.৫০ একর। সাদামাটিমহল ১টি, আয়তন ২৪.৩৩ একর ইত্যাদি।

শিক্ষার হার ও শিক্ষা প্রতিষ্ঠান

জেলার শিক্ষার হার ৬৮% (পুরুষ ৪১.০৯%, মহিলা ৫৪%)। প্রাথমিক বিদ্যালয় মোট ২৬৮৯টি (তন্মধ্যে সরকারী ১২৪৯টি, বেসরকারী রেজিষ্টার্ড ৬২১টি, আন রেজিষ্টার্ড ২৭টি, উচ্চ বিদ্যালয় সংলগ্ন ৫৬টি, কিন্ডার গার্ডেন ১২৬টি, পরীক্ষণ ১টি, স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা ২৩৪টি, উচ্চ মাদ্রাসা সংলগ্ন ২৪৩টি, কমিউনিটি ১১৪টি, এনজিও ১৮টি)। নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ১০৫টি, ৯ম শ্রেণীর অনুমতি প্রাপ্ত বিদ্যালয় ৭২টি, মাধ্যমিক বিদ্যালয় ৪০৪টি, স্কুল এন্ড কলেজ ১৩টি, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ৩১টি,ডিগ্রীকলেজ ২৭টি (সরকারী ৩টি, বেসরকারী ২৪টি), বিশ্ববিদ্যালয় কলেজ ২টি (সরকারী), বিশ্ববিদ্যালয় ২টি (সরকারী), মেডিক্যাল কলেজ ২টি (সরকারী ১টি, বেসরকারী ১টি), ক্যাডেট কলেজ ১টি, চারুকলা ইনষ্টিটিউট ১টি, হোমিওপ্যাথিক কলেজ ১টি, ইঞ্জিনিয়ারিং কলেজ ১টি, কারিগরি শারীরিক মহাবিদ্যালয় ১টি, ভোকেশনাল ইনষ্টিটিউট ২টি, শিক্ষা মহাবিদ্যালয় ১টি, কামিল মাদ্রাসা ৪টি, ফাযিল মাদ্রাসা ৪৭টি, আলিম মাদ্রাসা ৪২টি, দাখিল মাদ্রাসা ২৯৫টি, আর্ট স্কুল ১টি।

শিল্প ও কল.কারখানা

বৃহৎ শিল্প ৩টি। উল্লেখযোগ্য মাঝারী ও ক্ষুদ্র শিল্প ও কল-কারখানা প্রায় ১৪১টি, তন্মধ্যে ৯০টি বিসিক শিল্প নগরী ময়মনসিংহে এবং বাকী প্রায় ৫০টি ভালুকায় অবস্থিত।

কৃষি

মোট জমি ৪,৩৬,৩৪৮ হেক্টর, নীট ফসলী জমি ৩,৭২,৭০৭ হেক্টর। এক ফসলী জমি ৪০,১৭২ হেক্টর, দুই ফসলী জমি ২৪৮৩৩৫ হেক্টর, তিন ফসলী জমি ৮৩,৩৫০ হেক্টর, চার ফসলী জমি ৮৫০ হেক্টর। মোট ফসলী জমি ৭,৯০,২৯২ হেক্টর, ফসলের নিবিড়তা ২১২.০০%। কৃষি ব্লকের সংখ্যা ৫২৫টি।কৃষি বিষয়ক পরামর্শ কেন্দ্র ২৯০টি, সয়েল মিনিল্যাব ৫৯টি, বিএডিসি বীজ ডিলার ৩১৬ জন, বিসিআইসি সার ডিলার ১৪০ জন, কোল্ড ষ্টোর ১টি।

সেচসুবিধা

সেচাধীন জমি ২৫০৩৭০ হেক্টর। গভীর নলকুপ মোট ৩৪৫৪টি (বিদ্যুৎচালিত ২৬৬৬টি, ডিজেল চালিত ৭৮৮টি), অগভীর নলকুপ মোট ৪৯৬২৭টি (বিদ্যুৎ চালিত ৮৩৩০টি, ডিজেল চালিত৪১২৯৭টি), পাওয়ার পাম্প মোট ৪৪৭৮টি (বিদ্যুৎ চালিত ২০৯টি, ডিজেল চালিত ৪২৬৯টি)।

খাদ্যশস্য পরিস্থিতি

খাদ্যশস্যের বাৎসরিক চাহিদা ৮,২৬,৭২৫ মেট্রিক টন, উৎপাদন ১৭,৯২,২৫৮ মেট্রিক টন, উদ্বৃত্ত ৭,৮৬,৩০৮ মেট্রিক টন। প্রধানতঃ ধান, পাট, গম, আলু, মসুর, ভুট্টা, সরিষা, চীনাবাদাম, পান, কলা, আনারস, কাঁঠাল ও শীতকালীন শাকসবজি উৎপন্ন হয়।

মৎস্যসম্পদ

নদী ২২টি, আয়তন ১১৪৪৫.২০ হেক্টর; বিল ও প্রধান প্রধান প্লাবন ভূমি ১১৪০টি, আয়তন ৩০৭৬২.০০ হেক্টর; পুকুর ১৪০৩৩৪টি, আয়তন ২৬০৩৮.৬৫ হেক্টর (সরকারী পুকুর ৩৬৬টি, আয়তন ১৩০.২০ হেক্টর; বেসরকারী পুকুর ১৩৯৯৬৮টি, আয়তন ২৫৯০৮.০৫ হেক্টর)। নিবিড় পদ্ধতিতে মাছ চাষের আওতায় খামার (বেসরকারী বানিজ্যিক খামার) ৩২৫৯টি, আয়তন ৪৪৩০.৫৫ হেক্টর ও উৎপাদন ৭৯৬৭৪.৮৬ মেট্রিক টন। সনাতন/উন্নত সনাতন পদ্ধতিতে মাছ চাষের আওতায় পুকুর ১৩৬২৪৭টি, আয়তন ২১৬০৮.১০ হেক্টর ও উৎপাদন ৬৮৫১৭.৫৭ মেট্রিক টন। বেসরকারী মৎস্য হ্যাচারী ৭৭টি, বেসরকারী মৎস্য নার্সারী ২১১০টি, মৎস্য খাদ্যের দোকান/কারখানা ১১০টি, মৎস্য আড়তের সংখ্যা ৮২টি, বরফ কলের সংখ্যা ৫৩টি। জেলায় বার্ষিক মাছ উৎপাদন ১৬০৪০৪.০০০ মেট্রিক টন, বার্ষিক মাছের চাহিদা ৬৮০৩১.০০০ মেট্রিক টন, বার্ষিক মাছ উদ্বৃত্ত ৯২৩৭৩.০০০ মেট্রিক টন। মৎস্য কার্যক্রম সংশ্লিষ্ট এনজিও ৬টি (নামঃ সোসাইটি ফর সোসাল সার্ভিস, পদক্ষেপ, কারিতাস,ভিশন, সোসিও ইকোনমিক ডেভেলপমেন্ট এসোসিয়েশন।